



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

অগ্নি-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.ssd.gov.bd



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.২১.১৬৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিষয়: আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির দাবিকৃত অর্জনসমূহ পরীক্ষা ও যাচাই অন্তে চূড়ান্ত মূল্যায়ন সমাপ্ত ও ফলাফল ওয়েবসাইটে প্রকাশ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৮২৫.৯৯.০০১.১৮.৫৫ ; তারিখ ০৯/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২০-২১ এ বর্ণিত এপিএ ক্যালেন্ডার মোতাবেক আওতাধীন অফিসের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির দাবিকৃত অর্জনসমূহ পরীক্ষা ও যাচাই অন্তে চূড়ান্ত মূল্যায়ন সমাপ্ত ও ফলাফল ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের অধীন দপ্তর/সংস্থা কর্তৃক এপিএএমএস সফটওয়্যার এর মাধ্যমে দাখিলকৃত চূড়ান্ত অগ্রগতির প্রতিবেদন এবং অনলাইন ও অফলাইনে দাখিলকৃত সকল প্রমাণক পরীক্ষা ও যাচাই অন্তে চূড়ান্ত মূল্যায়ন সমাপ্ত করা হয় এবং গত ২৩/০৮/২০২১ তারিখের এ বিভাগের এপিএ টিমের সভায় তা অনুমোদন করা হয়। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগের সেপ্টেম্বর/২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় তা উপস্থাপন করা হয়। সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সুপারিশের আলোকে আওতাধীন চারটি দপ্তর/সংস্থার মধ্যে সার্বিক বিবেচনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সর্বোচ্চ ৯৪.৯৭ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সর্বনিম্ন ৮২.৩৩ নম্বর পেয়েছে।

আওতাধীন দপ্তর/সংস্থার প্রস্তুতকৃত চূড়ান্ত ফলাফল নিম্নরূপ:-

ক্রমিক নং	দপ্তর/সংস্থার নাম	মোট সূচক সংখ্যা	সম্পূর্ণ অর্জিত সূচক সংখ্যা	আংশিক অর্জিত সূচক সংখ্যা	অর্জিত না হওয়া সূচক সংখ্যা	সর্বমোট অর্জিত স্কোর
১	ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর	৪৩	৩২	০৫	০৬	৮২.৩৩
২	কারা অধিদপ্তর	৪২	৩৩	০৪	০৫	৮৮.৫০
৩	মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	৪৫	৩৭	০৪	০৪	৯০.৩৯
৪	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	৫০	৩৯	০৯	০২	৯৪.৯৭

০২। এমতাবস্থায়, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪টি দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন/ফলাফল পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৪-৯-২০২১

মল্লিক সাঈদ মাহবুব
যুগ্মসচিব

ফোন: +৮৮ ০২-৯৫৭৬৩৪৩

ইমেইল: fire1@ssd.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.২১.১৬৫/১(২)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮
১৪ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪-৯-২০২১

জাহিদুল ইসলাম
উপসচিব